

সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৪২৮৯

৬৪/ মাগাযী [যুদ্ধ] (كتاب المغازي)

পরিচ্ছেদঃ ৬৪/৫০. মক্কাহ নগরীর উঁচু এলাকার দিক দিয়ে নাবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর প্রবেশের বর্ণনা।

بَابِ دُخُوْلِ النَّبِيِّ صلى الله عليه وسلم مِنْ أَعْلَى مَكَّةَ

আরবী

وَقَالَ اللَّيْثُ حَدَّتَنِيْ يُوْنُسُ قَالَ أَخْبَرَنِيْ نَافِعٌ عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا أَنَّ رَسُوْلَ اللهِ صلى الله عليه وسلم أَقْبَلَ يَوْمَ الْفَتْحِ مِنْ أَعْلَى مَكَّةَ عَلَى رَاحِلَتِهِ مُرْدِفًا أُسَامَةَ بْنَ زَيْدٍ وَمَعَهُ بِلَالٌ وَمَعَهُ عُتْمَانُ بْنُ طَلْحَةَ مِنَ الْحَجَبَةِ حَتَّى أَنَاخَ فِي الْمَسْجِدِ فَأَمْرَهُ أَنْ يَأْتِيَ بِمِفْتَاحِ الْبَيْتِ فَدَخَلَ رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم وَمَعَهُ أُسَامَةُ بْنُ نَيْدٍ وَبِلَالٌ وَعُتْمَانُ بْنُ طَلْحَةَ فَمَكَثَ فِيْهِ نَهَارًا طَوِيْلًا ثُمَّ خَرَجَ فَاسْتَبَقَ النَّاسُ فَكَانَ عَبْدُ اللهِ بْنُ عُمَرَ أَوَّلَ مَنْ دَخَلَ فَوَجَدَ بِلَالًا وَرَاءَ الْبَابِ قَائِمًا فَسَأَلَهُ أَيْنَ صَلَى رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم فَأَشَارَ لَهُ إِلَى الْمَكَانِ النَّذِيْ صَلَى قَيْهِ قَالَ عَبْدُ اللهِ فَنَسِيْتُ أَنْ اللهِ عَليه وسلم فَأَشَارَ لَهُ إِلَى الْمَكَانِ الَّذِيْ صَلَى فِيْهِ قَالَ عَبْدُ اللهِ فَنَسِيْتُ أَنْ اللهِ عَليه وسلم فَأَشَارَ لَهُ إِلَى الْمَكَانِ الَّذِيْ صَلَلًى فِيْهِ قَالَ عَبْدُ اللهِ فَنَسِيْتُ أَنْ أَسُالًهُ كُمْ صَلَى مِنْ سَجْدَةٍ.

বাংলা

৪২৮৯. 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত যে, মক্কা বিজয়ের দিন রাসূলুল্লাহ সাল্লাল্লাছ 'আলাইহি ওয়াসাল্লাম তাঁর সওয়ারীতে আরোহণ করে উসামাহ ইবনু যায়িদকে নিজের পেছনে বসিয়ে মক্কা নগরীর উঁচু এলাকার দিক দিয়ে মক্কা্য় প্রবেশ করেছেন। তাঁর সঙ্গে ছিলেন বিলাল এবং বাইতুল্লাহর চাবি রক্ষক 'উসমান ইবনু ত্বলহা। অবশেষে তিনি [নবী সাল্লাল্লাছ 'আলাইহি ওয়াসাল্লাম] মসজিদে হারামের সামনে সওয়ারী থামালেন এবং 'উসমান ইবনু ত্বলহাকে চাবি এনে (দরজা খোলার) আদেশ করলেন। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাছ 'আলাইহি ওয়াসাল্লাম (কা'বায়) প্রবেশ করলেন। সে সময় তাঁর সঙ্গে ছিলেন উসামাহ ইবনু যায়দ, বিলাল এবং 'উসমান ইবনু ত্বলহা (রাঃ)। সেখানে তিনি দিনের দীর্ঘ সময় পর্যন্ত অবস্থান করে (সালাত আদায়, তাকবীর ও অন্যান্য দু'আ করার পর) বের হয়ে এলেন। তখন অন্যান্য লোক দ্রুত ছুটে এল। তন্মধ্যে 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) প্রথমেই প্রবেশ করলেন এবং বিলাল (রাঃ)-কে দরজার পাশে দাঁড়ানো পেয়ে জিজ্ঞেস করলেন- রাসূলুল্লাহ সাল্লাল্লাছ 'আলাইহি ওয়াসাল্লাম কেন্ জায়গায় সালাত আদায় করেছেন? তখন বিলাল তাকে তাঁর সালাতের জায়গাটি ইশারা করে দেখিয়ে দিলেন। 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ 'আলাইহি ওয়াসাল্লাম কত



রাক'আত আদায় করেছিলেন বিলাল (রাঃ)-কে আমি এ কথাটি জিজ্ঞেস করতে ভুলে গিয়েছিলাম। [৩৯৭] (আধুনিক প্রকাশনীঃ ৩৯৫৩, ইসলামিক ফাউন্ডেশনঃ ৩৯৫৬)

English

Narrated 'Abdullah bin 'Umar (ra):

Allah's Messenger (ﷺ) entered Makkah through its upper part and he was riding his she-camel. Usama bin Zaid was his Companion-rider behind him (on the same she-camel). In his company were Bilal and 'Uthman bin Talha, who was one of the Al-Hajabah (who keep the key of the gate of the Ka'bah). When he made his she-camel kneel down in the Mosque (i.e., Al-Masjid al-Haram), he ordered him (i.e., 'Uthman) to bring the key of the Ka'bah. Then Allah's Messenger (ﷺ) entered the Ka'bah along with 'Usama bin Zaid, Bilal and 'Uthman bin Talha, and he stayed in it for a long period and then came out. The people rushed (to get in) and `Abdullah bin 'Umar was the first to enter and he found Bilal standing behind the door. Ibn `Umar asked Bilal, "Where did Allah's Messenger (ﷺ) offer the Salat (prayer)?" Bilal showed him the place where he (ﷺ) had offered Salat (prayer). `Abdullah later on said, "I forgot to ask Bilal how many prostrations (i.e., Rak'a) the Prophet offered."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন